


❖ কী উৎপাদন করা হবে? অর্থনীতিতে এ সমস্যাটি কিভাবে সমাধান করা হয়।

উ: সম্পদের স্থলতার কারণে ব্যক্তি বা সমাজ তার প্রয়োজনীয় সব দ্রব্য একসাথে উৎপাদন করতে পারে না। সেজন্য অভাবের গুরুত্ব ও প্রয়োজন বিবেচনায় স্থির করতে হয় কোন দ্রব্য কী পরিমাণ উৎপাদন করা দরকার। এ সমস্যাটিকে উৎপাদন সম্ভাবনা রেখার মাধ্যমে ব্যাখ্যা করা যায়।



চিত্রের ভূমি অক্ষে X দ্রব্য এবং লম্ব অক্ষে Y দ্রব্য উৎপাদনের পরিমাণ দেখানো হয়েছে। AD হলো উৎপাদন সম্ভাবনা রেখা। যে রেখার প্রতিটি বিন্দুতে সীমাবদ্ধ সম্পদের সাহায্যে দুটি দ্রব্যের সম্ভাব্য উৎপাদনের পরিমাণ দেখানো হয়েছে। যেমন, কোনো সমাজ OA পরিমাণ Y দ্রব্য উৎপাদন করলে X দ্রব্যের উৎপাদন হবে শূন্য। আবার OD পরিমাণ X দ্রব্য উৎপাদন করলে Y দ্রব্যের উৎপাদন হবে শূন্য। উৎপাদনকারীর যদি দুটো দ্রব্যই প্রয়োজন হয় তাহলে সে B ও C যেকোন একটি বিন্দুতে উৎপাদন নির্ধারণ করবে। উৎপাদনকারী কোনো দ্রব্য উৎপাদন করবে এই সিদ্ধান্ত নেয়াই হচ্ছে সমাজের প্রধান মৌলিক সমস্যা।